

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩১৩

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮

২৫ নভেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-২৫২৮/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার একতা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোঃ মনছুর আহমদ ০৩/০৩/২০১৩খ্রি. থেকে শারীরিক অসুস্থতায় ভুগছিলেন। এক পর্যায়ে কিডনীতে পাথর হওয়ায় অপারেশন করেন। ০৩/০৩/২০১৩খ্রি. থেকে ১৫/০৫/২০১৩খ্রি. তারিখ পর্যন্ত বিদ্যালয়ে উপস্থিত না হতে পারায় পরবর্তীতে ১৯/০৫/২০১৩খ্রি. তারিখে কর্তৃপক্ষ মামলার কারণ দেখিয়ে সাময়িক বরখাস্ত করেন। সাময়িক বরখাস্ত করার পর থেকে অদ্যাবধি সময় পর্যন্ত সাময়িক বরখাস্ত প্রত্যাহার এবং পূর্ণবেতন ভাতাদি প্রদানের জন্য ০৯/১২/২০১৮খ্রি. তারিখে আবেদন করেন।

একতা উচ্চ বিদ্যালয়-এর সহকারী শিক্ষক (ধর্ম) জনাব মোঃ মনছুর আহমদ -এর প্রেরিত পত্রের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৫২৮/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২১/০৯/২০২১খ্রি. তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“The disposal of the Rule, the respondent No. 3-5 are directed to withdraw the suspension order relating to service of the petitioner and restore him in his previous position on payment of his financial benefits under the Monthly Pay Orders (MPO) Scheme within 30 (thirty) days from the date of receipt of this order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৫২৮/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলার তথ্য ডাটা বেইজে এন্ট্রি করাসহ সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

চেয়ারম্যান


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩১৩/১

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮
২৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব